# AKASHVANI (AIR)

## RNU : KOLKATA

### Bengali Text Bulletin

**Date 20-10-2025** **Time: 7.50 P.M**

বিশেষ বিশেষ খবরঃ-

১) রাজ্যজুড়ে আজ আলোর উৎসব দীপাবলি উদযাপনের পাশাপাশি চলছে মা কালীর আরাধনা। তারাপীঠ, কঙ্কালিতলা, দক্ষিণেশ্বর সহ বিভিন্ন শক্তিপীঠে ভক্তদের ভীড়।

বারাসাত, মধ্যমগ্রাম, নৈহাটির- বারোয়ারী পুজোমন্ডপগুলিতে প্রতিমা দর্শনের জন্য হাজার হাজার মানুষের সমাবেশ।

কোন রকম অপ্রীতিকর ঘটনা এড়াতে সক্রিয় রয়েছে পুলিশ প্রশাসন।

নিষিদ্ধ বাজির ব্যবহার আটকাতে রাজ্য ও কলকাতা পুলিশের সঙ্গে যৌথভাবে অভিযান চালাচ্ছে দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ।

২) কালী পুজোয় রাজ্যে মেয়েদের সুরক্ষা নিয়ে ফের সরব হয়েছেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী।

৩) কালীপুজো উপলক্ষে আজ রাতে যাত্রীদের সুবিধার্থে বিশেষ ট্রেন চালাচ্ছে পূর্ব রেল।

দক্ষিণেশ্বর ও শহীদ ক্ষুদিরামের মধ্যে বর্ধিত বিশেষ পরিষেবা দিচ্ছে মেট্রো রেল।

৪) দক্ষিণ ২৪ পরগনার সোনারপুরে পাঁচ বছরের শিশু কন্যা খুনের ঘটনায় গ্রেফতার দাদু।

৫) দক্ষিণ আন্দামান সাগর ও সংলগ্ন দক্ষিণ পূর্ব বঙ্গোপসাগরের উপর একটি ঘূর্ণাবর্ত তৈরি হয়েছে। আগামী ২৪ ঘন্টায় এটির নিম্নচাপে পরিণত হওয়ার সম্ভাবনা।

oooooooooooooooooooooo

চিরাচরিত উৎসাহ উদ্দীপনায় আজ আলোর উৎসব দীপাবলি উদযাপিত হচ্ছে। একই সঙ্গে, সতীপীঠ, শক্তিপীঠ সহ বিভিন্ন মন্দির এবং বারোয়ারী মন্ডপে চলছে মা কালীর আরাধনা।

(স্তোত্রো)

বীরভূমের তারাপীঠে সকালে মহাস্নানের পর , মঙ্গল আরতি ও ভোগ নিবেদনের মধ্য দিয়ে চলে মায়ের বিশেষ পূজার্চনা।

(গান)

দক্ষিণেশ্বরে মা ভবতারিনী দর্শনে সকাল থেকে ভক্তদের লম্বা লাইন। নৈহাটির বড় মা-র মন্দিরের সামনে তৈরি হয়েছে ২১ ফুট উঁচু মূর্তি। ৫০ ভরি সোনা এবং দেড়শো কেজি রূপোর গয়নায় সাজিয়ে তোলা হয়েছে বড় মা-কে।

আদ্যাপীঠ, কঙ্কালিতলা, নলাটেশ্বরী, হাওড়ার সিদ্ধেশ্বরী মা, উত্তর ২৪ পরগনার হালিশহরে সাধক রামপ্রসাদের বাড়ি, নদীয়ার নবদ্বীপে আগমবাগিস প্রভৃতি মন্দিরে সাড়ম্বরে চলছে শক্তির আরাধনা। বেলুড়মঠে রাত ৯-টায় কালীপুজো শুরু হবে।

পূর্ব বর্ধমানে সাধক কমালাকান্তের বাড়িতে কালী পুজোয় তিনদিন ধরে চলবে অনুষ্ঠান। সেখানে অন্নকূট উৎসবেরও প্রচলন রয়েছে।

কালীঘাট মন্দিরে চলছে লক্ষ্মীর আরাধনা।

কলকাতা, বারাসাত, দমদম, মধ্যমগ্রাম, নৈহাটি, কোন্ননগর, বারুইপুর, কৃষ্ণনগর সহ বিভিন্ন স্থানে বারোয়ারী পুজোগুলিতে কোথাও সাবেকিয়ানার ঐতিহ্য, কোথাও চোখ ধাধাঁনো থিমের বৈচিত্র্য দেখা যাচ্ছে।

বারাসাত থেকে আমাদের জেলা সংবাদদাতার একটি প্রতিবেদন –

(ভয়েসকাস্ট – পল্লব)

এদিকে, দীপাবলি উলক্ষে গোটা রাজ্য সেজে উঠেছে আলোকমালায়। কোনরকম অপ্রীতিকর ঘটনা এড়াতে কলকাতা শহর এবং জেলাগুলিতে চলছে নজরদারি। শব্দবাজি যাতে কোনোভাবে পোড়ানো না হয়, সেব্যাপারে সক্রিয় রয়েছে প্রশাসন। আইনশৃঙ্খলা বজায় রাখার স্বার্থে আজ এবং আগামীকাল শহরজুড়ে পাঁচ হাজার পুলিশ কর্মী মোতায়েন থাকছে। এই দু-দিন প্রতিটি শিফ্টে প্রায় ৫০-টি পুলিশ কন্ট্রোলরুম ভ্যান টহল দিচ্ছে। শহরজুড়ে বসানো হয়েছে ৪৫০-টিরও বেশি পুলিশ পিকেট।

oooooooooooooooooooooo

নিষিদ্ধ বাজি ব্যবহার আটকাতে রাজ্য ও কলকাতা পুলিশের সঙ্গে যৌথভাবে অভিযান চালাচ্ছে দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ। সেইসঙ্গে পরিবেশ কর্মীদের সংগঠনও রাজ্যজুড়ে প্রচারাভিযান চালাচ্ছে। পর্ষদের সদর দপ্তর ছাড়াও জেলায় জেলায় সারারাত খোলা থাকছে কন্ট্রোল রুম। পরিবেশ ও জনস্বাস্থ্যে বাজির সুদূরপ্রসারী প্রভাবের কথা মাথায় রেখে বাজী ব্যবহার থেকে বিরত থাকার আবেদন জানানো হচ্ছে সর্বস্তরে।

একটি প্রতিবেদন –

(ভয়েসকাস্ট – অভিজিৎ)

oooooooooooooooooooo

কালীপুজো উপলক্ষে রাজ্যবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন, রাজ্যপাল সিভি আনন্দ বোস। এক বার্তায় তিনি পরিবেশ বান্ধব পদ্ধতিতে দীপাবলি পালনের পাশাপাশি স্বদেশী পণ্য ব্যবহারে অঙ্গীকারবদ্ধ হওয়ার আহ্বান জানান।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী তার শুভেচ্ছা বার্তায় বলেছেন, আলোর এই উৎসব প্রত্যেকের জীবনে আনন্দ, সুখ ও শান্তি বহণ করে নিয়ে আসবে।

বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীও রাজ্যবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন।

কালীপুজোয় রাজ্যে মেয়েদের সুরক্ষা নিয়ে সরব হয়েছেন তিনি।

(বাইট – শুভেন্দু)

বিজেপি-র রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য, প্রার্থনা করেছেন, শ্যামামায়ের করুণার আলোয়ে সব অন্ধকার দূর হোক।

কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার বলেছেন, কালীপুজোর এই পুন্যলগ্নে সব অন্ধকার দূর হোক।

শুভেচ্ছা জানিয়েছেন কেন্দ্রীয় প্রতিমন্ত্রী শান্তনু ঠাকুরও।

oooooooooooooooooooooo

কালীপুজোর পাশাপাশি আজ সন্ধ্যায় বাংলার বহু পরিবারে লক্ষ্মী-অলক্ষ্মী পুজো চলছে। অলক্ষ্মীকে বিদায় দিয়ে সমৃদ্ধির দেবী লক্ষ্মীর আবাহন হয় এই দিনে।

এছাড়াও এদিন থেকেই দক্ষিণবঙ্গের কুড়মি-মাহাতোদের অন্যতম জনপ্রিয় বাঁধনা উৎসবের সূচনা হয়েছে।

কৃষিভিত্তিক সমাজের এই লোকউৎসবে আজ থেকে গো-বাধনা, গরু খুটা এবং জামাই বাধনার প্রস্তুতি শুরু হয়েছে। উঠোন ও বাড়ির দেওয়ালে খড়িমাটির টানে তুলে ধরা হয়েছে সমাজের বিভিন্ন দিক ।

oooooooooooooooooooooo

কালীপুজো উপলক্ষ্যে যাত্রীদের সুবিধার্থে **পূর্ব রেলের** শিয়ালদা ডিভিশন আজ, আগামীকাল ও বুধবার রাতে শহরতলীর বিভিন্ন শাখায় বিশেষ ট্রেন পরিষেবা দিচ্ছি। যেসব শাখায় রাত্রিকালীন এই বিশেষ পরিষেবা দেওয়া হবে সেগুলি হল শিয়ালদা-ডানকুনি, শিয়ালদা-বারাসাত, বনগাঁ-বারাসাত, শিয়ালদা-রানাঘাট এবং শিয়ালদা-বারুইপুর।

দর্শনার্থীদের সুবিধার্থে কলকাতা **মেট্রো রেল** আজ কালীপুজোর দিন রাতে ব্লু-লাইন সেকশনে আপ ও ডাউন অভিমুখে বর্ধিত বিশেষ পরিষেবা দেবে। এই দিন ব্লু-লাইনে দক্ষিণেশ্বর থেকে শহীদ ক্ষুদিরামের শেষ পরিষেবা রাত ৯ টা ২৮ মিনিটের পরিবর্তে রাত দশটা ৫১ মিনিটে এবং শহীদ ক্ষুদিরাম থেকে দক্ষিণেশ্বরের শেষ পরিষেবা রাত ৯ টা ৩৩ মিনিটের পরিবর্তে রাত ১১ টায় পাওয়া যাবে।

oooooooooooooooooooo

দক্ষিণ ২৪ পরগনার সোনারপুরে পাঁচ বছরের শিশু কন্যা খুনের ঘটনায় পুলিশ তার দাদু প্রণব ভট্টাচার্যকে গ্রেফতার করেছে। গত সন্ধ্যায় বাড়ি থেকে শিশুটির রক্তাক্ত দেহ

উদ্ধার হয়। দিদার চিৎকার চেঁচামেচি শুনে স্থানীয়রা শিশুটিকে ক্ষতবিক্ষত অবস্থায় পড়ে থাকতে দেখেন। আটক করা হয় দাদু-দিদা ও পরিচারিকাকে। ঘটনার সময় মা-বাবা দু-জনেই কাজে গিয়েছিলেন। স্থানীয়দের দাবি, কন্যা সন্তান পছন্দ করতেন না দাদু প্রণব ভট্টাচার্য, নাতনিকেও সারাদিন ঘরেই আটকে রাখতেন।

বছর দশেক আগে প্রণবের বড় মেয়েরও অস্বাভাবিক মৃত্যু হয়। তার পর থেকে ছোটো মেয়ের কাছে থাকতেন ওই দম্পত্তি।

oooooooooooooooooooooo

কালী পুজোর উদ্বোধনে গিয়ে দক্ষিণ ২৪ পরগনার একাধিক জায়গায় বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর ওপর আক্রমণের ঘটনায় যথাযথ আইনী পদক্ষেপ নেওয়া হচ্ছে বলে শুভেন্দুবাবু জানিয়েছেন। ইতমধ্যেই একাধিক এফ আই আর দায়ের হয়েছে।

সামাজিক মাধ্যমে আজ এক পোস্টে বিরোধী দলনেতা বলেন, তার বিস্তারিত সফরসূচী আগেই সুন্দরবন পুলিশ জেলার পুলিশ সুপারকে জানানো হয়েছিল। তাই এই ঘটনার জন্য পুলিশ প্রশাসনের ব্যর্থতাকেই দায়ী করেন তিনি।

oooooooooooooooooooooo

পশ্চিম মেদিনীপুরের দাসপুরের নাড়াজোলে দীপাবলি উপলক্ষে আলো দিয়ে বাড়ি সাজানোর সময় বিদ্যুৎস্পৃষ্ট হয়ে এক যুবকের মৃত্যু হয়েছে। সঞ্জীব দাস নামে ওই যুবক আজ দুপুরে বাড়িতে বৈদ্যুতিক আলো লাগানোর সময় তরিদাহত হন। প্রতিবেশীরা তাকে উদ্ধার করে নাড়াজোল গ্রামীণ হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসকরা মৃত ঘোষণা করেন।

oooooooooooooooooooooo

Gst হার কমার ফলে প্রায় সব ওষুধেরই মূল্য হ্রাস পেয়েছে, উপকৃত হচ্ছেন বহু মানুষ। প্রাক্তন সেনা কর্মী বিশ্বনাথ মন্ডল সাধারণ মানুষের কথা গুরুত্ব দিয়ে ভাবার জন্য সরকারকে ধন্যবাদ জানিয়েছেন।

(বাইট --বিশ্বনাথ মণ্ডল)

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

দক্ষিণ আন্দামান সাগর ও সংলগ্ন দক্ষিণ পূর্ব বঙ্গোপসাগরের উপর একটি ঘূর্ণাবর্ত তৈরি হয়েছে। আগামী ২৪ ঘন্টায় এটি নিম্নচাপে পরিণত হওয়ার সম্ভাবনা। নিম্নচাপটি ক্রমশ পশ্চিম/উত্তর-পশ্চিম দিকে অগ্রসর হবে। তবে কলকাতায় আকাশ কিছুটা মেঘলা থাকলেও আগামী তিন দিন দক্ষিণবঙ্গের জেলাগুলিতে শুষ্ক আবহাওয়া থাকবে বলে আলিপুর আবহাওয়া দপ্তরের বিজ্ঞানী ডঃ অন্বেষা ভট্টাচার্য জানিয়েছেন ।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০